# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.১০৬.২০২৩-৭৭৭৫ তারিখ : ২৮/০৬/২০২৫ খ্রিঃ।

## অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ, উদ্ধার ও জরুরী বহির্গমন এবং প্রাথমিক চিকিৎসা বিষয়ক ফায়ার ড্রিল অনুষ্ঠান ও ক্লাশ স্থগিত সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **আগামী ২৯ জুন ২০২৫ খ্রিঃ তারিখ রবিবার সকাল ১০:১৫ ঘটিকা হইতে সকাল ১০:৫৫ ঘটিকা পর্যন্ত** অত্র বিশ্ববিদ্যালয়ের **শহীদ তাজউদ্দিন আহমেদ হল সংলগ্ন মাঠে** বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (BFSCD) কর্তৃক **অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ, উদ্ধার ও জরুরী বহির্গমন এবং প্রাথমিক চিকিৎসা বিষয়ক ফায়ার ড্রিল** অনুষ্ঠিত হইবে;

(০২) ফায়ার ড্রিল অনুষ্ঠানের সাইরেনের শব্দ শ্রবণের সাথে সাথেই সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীকে আতঙ্কিত না হইয়া নিজ নিজ অবস্থানরত ভবনের সিঁড়ি ব্যবহার করিয়া শহীদ তাজউদ্দিন আহমেদ হল সংলগ্ন মাঠে নির্ধারিত এসেম্বলি পয়েন্টে সুশৃঙ্খলভাবে একত্রিত হওয়ার জন্য অনুরোধ করা হইল। তদস্থলে সকলেই ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক প্রদত্ত নির্দেশনা শ্রবণসহ অনুষ্ঠানটি পর্যবেক্ষণ করিবেন;

(০৩) উক্ত অনুষ্ঠানের দিন **সকাল ১০:১৫ ঘটিকা হইতে সকাল ১০:৫৫ ঘটিকা পর্যন্ত** সকল বিভাগ ও ইনস্টিটিউট-এর আন্ডারগ্র্যাজুয়েট এবং পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামের সকল বর্ষ ও সেমিস্টারের শিক্ষার্থীদের ক্লাস স্থগিত থাকিবে এবং লিফ্ট সেবা বন্ধ থাকিবে;

(০৪) ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তি জারী করা হইল।

28 JUN 2025

(অধ্যাপক ড. মোহাঃ আবু তৈয়ব)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.১০৬.২০২৩-৭৭৭৫ তারিখ : ২৮/০৬/২০২৫ খ্রিঃ।

**সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :-**

(তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/উপদেষ্টা/হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান (বিভাগ/দপ্তরের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল);
৪। পরিচালক (ছাত্র কল্যাণ) (উক্ত দিন সকাল ৮:০০ ঘটিকায় এম্বুলেন্সসহ মেডিকেল টিম মাঠে উপস্থিত রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল);
৫। সভাপতি, পরিবেশ, ক্যাম্পাস ওয়েলফেয়ার ও নিরাপত্তা কমিটি (সাইরেনের উচ্চ শব্দে আতঙ্কিত না হওয়ার জন্য আবাসিক এলাকায় অবস্থানরত সকলকে বিষয়টি পূর্বেই অবগত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল);
৬। পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) [অনুষ্ঠানের ছবি ও ভিডিও ধারণ (পরবর্তিতে সংরক্ষণ/ওয়েব সাইটসহ বিভিন্ন প্রকাশনায় প্রকাশের নিমিত্তে) এবং বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল];
৭। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল);
৮। প্রধান প্রকৌশলী, প্রকৌশল অফিস (অনুষ্ঠানের মঞ্চ ব্যবস্থাপনা, সাউন্ড সিস্টেম, মাঠ প্রস্তুতিসহ সার্বিক কোঅর্ডিনেশন ও তত্ত্বাবধানের জন্য অনুরোধ করা হইল);
৯। প্রধান শিক্ষক, ঢাকা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল (কোমলমতি শিক্ষার্থীরা সাইরেনের শব্দে যাহাতে আতঙ্কিত না হয়, সে জন্য পূর্বেই তাহাদিগকে অনুষ্ঠান সম্পর্কে অবগত ও আশ্বস্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল);
১০। নোটিশ বোর্ড (সকল);
১১। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

২৮/০৬/২০২৫

(আবদুল্লাহ আল মাহমুদ)
ডেপুটি রেজিস্ট্রার (সংস্থাপন শাখা) এবং
অতিরিক্ত দায়িত্ব, একাডেমিক শাখা

E:\Anwar H. Khan\Notice & Note File All\Class Suspend\Notice.docx